



## বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

ফোন : ০২-২২৩৩৫৪০২৫, ই-মেইল: dgmbcbd@krishibank.org.bd

নং-প্রকা/শানিব্যাউবি-১(৩৩)/২০২২-২০২৩/৬৮

তারিখঃ ২০ জুলাই ২০২২

**বিষয়ঃ ব্রাহ্মণবাড়িয়া জেলার নাম বি-বাড়িয়া না লিখে ব্রাহ্মণবাড়িয়া লেখার নির্দেশনা অবহিতকরণ প্রসঙ্গে।**

সূত্র নংঃ ডিওএস সার্কুলার লেটার নং-২৭, তারিখ ১৪ জুলাই ২০২২ ডিপার্টমেন্ট অব অফ সাইট সুপারভিশন, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (কপি সংযুক্ত)।

উপর্যুক্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর ০৪ জুলাই ২০২২ তারিখের সূত্র নম্বর ৫৩.০০.০০০০.২১১.৯৯.০২০.১৮.২১১ এর প্রেক্ষিতে সকল দাপ্তরিক কাজে ব্রাহ্মণবাড়িয়া জেলার নাম বি-বাড়িয়ার পরিবর্তে ব্রাহ্মণবাড়িয়া লেখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জামিল হোসেন

সহকারী মহাব্যবস্থাপক

(বিভাগীয় দায়িত্বে)

### বিতরণঃ

- ০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০২। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৩। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৪। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। শাখা ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

নং-প্রকা/শানিব্যাউবি-১(৩৩)/২০২২-২০২৩/৬৮

তারিখঃ ২০ জুলাই ২০২২

### সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ০১। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/স্টাফ কলেজ, ঢাকা।
- ০৪। সকল উপমহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রটি ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। নথি/মহানথি।

বিপুল চন্দ্র সরকার

মুখ্য কর্মকর্তা



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ  
[www.bb.org.bd](http://www.bb.org.bd)

ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-২৭

৩০ আষাঢ় ১৪২৯  
তারিখঃ -----  
১৪ জুলাই ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

ব্রাহ্মণবাড়িয়া জেলার নাম বি-বাড়িয়া না লিখে ব্রাহ্মণবাড়িয়া লেখার নির্দেশনা অবহিতকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-এর ০৪ জুলাই ২০২২ তারিখের সূত্র নম্বর-৫৩.০০.০০০০.২১১.৯৯.০২০.১৮.২১১-এর প্রেক্ষিতে সকল দাপ্তরিক কাজে ব্রাহ্মণবাড়িয়া জেলাকে বি-বাড়িয়ার পরিবর্তে ব্রাহ্মণবাড়িয়া লেখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্তিঃ (বর্ণনা মোতাবেক)।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)  
পরিচালক (ডিওএস)  
ফোন : ৯৫৩০০৯৩



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ  
প্রশাসন ও কল্যাণ শাখা  
www.fid.gov.bd



মুজিববর্ষের প্রতিশ্রুতি  
আর্থিক ঋতের অগ্রগতি

নম্বর - ৫৩.০০.০০০০.২১১.৯৯.০২০.১৮.২১১

তারিখ: ২০ আষাঢ়, ১৪২৯  
০৪ জুলাই, ২০২২


বিষয়: ব্রাহ্মণবাড়িয়া জেলার নাম বি-বাড়িয়া না লিখে ব্রাহ্মণবাড়িয়া লেখার নির্দেশনা অবহিতকরণ।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৫১২.৮২.০০৪.১৭.২৫৯ তারিখ ২৮-০৬-২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়িয়া জেলা সূচনালগ্ন থেকে ব্রাহ্মণবাড়িয়া হিসেবে পরিচিত এবং ১২.০২.১৯৮৪ সালের S.R.O. 61-L/84/MER (JA-2)/264/83-85 -এর মাধ্যমে এ জেলার নাম ব্রাহ্মণবাড়িয়া নামে গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। একটি মহল কর্তৃক ব্রাহ্মণবাড়িয়া জেলাকে বি-বাড়িয়া জেলা নামে প্রচার করার ফলে বিভিন্ন দাপ্তরিক যোগাযোগ, ব্যবসা প্রতিষ্ঠানের সাইনবোর্ড, মহাসড়কে স্থাপিত ওভারহেড ডিরেকশনাল সাইন বোর্ড, কিলোমিটার পোস্ট ও বিলবোর্ডগুলোতে ব্রাহ্মণবাড়িয়া নামের পরিবর্তে বি-বাড়িয়া নামের প্রচলন শুরু হয়, যা এখনো বিদ্যমান রয়েছে। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং তাদের আওতাধীন দপ্তরসমূহের চিঠিপত্র এবং রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের সরকারি সফরসূচিতে ব্রাহ্মণবাড়িয়া জেলার নাম বি-বাড়িয়া লিখে পত্র যোগাযোগ অব্যাহত রয়েছে। প্রকৃত পক্ষে সরকারিভাবে বি-বাড়িয়া নামে কোন জেলা নেই।

বর্ণিতাবস্থায়, সকল দাপ্তরিক কাজে ব্রাহ্মণবাড়িয়া জেলাকে বি-বাড়িয়ার পরিবর্তে ব্রাহ্মণবাড়িয়া লিখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- সংযুক্তিঃ (১) মন্ত্রিপরিষদ বিভাগের পত্র।  
(২) ব্রাহ্মণবাড়িয়া নামকরণের গেজেটের কপি।  
(৩) জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া'র পত্র।

  
(মীনাঙ্কী বর্মেন)  
উপসচিব  
ফোন: ৫৫১০০৮৫৮  
ds.admin@fid.gov.bd

গভর্নর  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা

অনুলিপিঃ

১. সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)